

💵 প্রশোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরার আহকাম রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১১- হজ্জ ফর্ম হওয়ার দলীল কি?

প্রথমতঃ আল্লাহ তা আলার নির্দেশ। তিনি বলেনঃ

وَلِلَّهِ على الناس حج البيت من استطاع إليه سبيلا

অর্থঃ মানুষের মধ্যে যার সামর্থ আছে আল্লাহর জন্য ঐ ঘরে হজ্জ করা তার উপর অবশ্য কর্তব্য। দ্বিতীয়তঃ নবীজি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের হাদীস। তিনি বলেনঃ

- (ক) ইসলামের ভিত্তি হয়েছে ৫টি স্তম্ভের উপর :
- (১) আল্লাহ ছাড়া কোন মা'বুদ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাসূল এ সাক্ষ্য দেয়া,
- (২) সালাত আদায় করা,
- (৩) যাকাত দেয়া,
- (৪) রমজান মাসে সিয়াম পালন করা এবং
- (৫) বায়তুল্লাহ শরীফে হজ্জ পালন করা। (বুখারী)
- (খ) হে মানুষেরা! আল্লাহ তোমাদের উপর হজ্জ ফরয করেছেন। কাজেই তোমরা হজ্জ পালন কর। (মুসলিম)

ফুটনোট

(সূরা আলে ইমরানঃ ৯৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=515

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন